বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

...

সভাপতি	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১৫ মার্চ, ২০২২
সভার সময়	১১.০০ ঘটিকা
স্থান	বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	কোম্পানির সকল মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড ইনচার্জ (তালিকা সংযুক্ত)

সভাপতি মার্চ, ২০২২ মাসে অনুষ্ঠিত কোম্পানির ৬৪তম মাসিক সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদানের পর ১ম মাসিক সমন্বয় সভা হিসেবে তিনি সভায় অংশগ্রহণকারী মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড ইনচার্জগণের সাথে আনুষ্ঠানিকভাবে পরিচিত হন। অতঃপর সভাপতি উল্লেখ করেন যে, মাসিক সমন্বয় সভা কোম্পানির সার্বিক কর্মকান্ড পরিচালনা সংক্রান্ত সমন্বিত কর্মপ্রচেষ্টার একটি নিয়মিত এবং ধারাবাহিক কার্যক্রম। এ পর্যায়ে তিনি পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী ক্রমান্বয়ে উপস্থাপনের জন্য কোম্পানি সচিব-কে আহ্বান জানান এবং পূর্ববর্তী সিদ্ধান্তসমূহের উপর বাস্তবায়ন অগ্রগতি/আলোচনা-পর্যালোচনা উপস্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট থেকে যুক্তিসঙ্গত, সমাধানমূলক ও উত্তরণের উপায় সম্বলিত বক্তব্য প্রত্যাশা করেন।

<u>আলোচনা</u>:

সভায় ১৪-২-২০২২ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ফেব্রুয়ারি, ২০২২ মাসের/৬৩ তম সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.০।	অপারেশন ডিভিশন:		
২.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমি দখলমুক্ত রাখার নিমিত্ত উপ-মহাব্যবস্থাপক (তিতাস-দক্ষিণ) এবং উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা) কর্তৃক মহাব্যবস্থাপক (অপারেশন) ও মহাব্যবস্থাপক (প্রশাসন) এর পরামর্শক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কোম্পানির উপর্যুক্ত ভূমিসমূহ চিহ্নিত করে স্থায়ী খুঁটি বসানো হয়েছে এবং কমিটি গঠনের মাধ্যমে তা নিয়মিত মনিটরিং করা হচ্ছে। আলোচনাকালে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, ভূমি চিহ্নিতকরণ খুঁটিসমূহ স্থানীয় জনসাধারণ কর্তৃক একনজরে বিজিএফএফসিএল-এর খুঁটি হিসেবে বুঝার জন্য কোম্পানির নাম/লোগো খোদাই বা অন্য কোন ব্যবস্থা করা যেতে পারে। তাছাড়া, কোম্পানির এ সকল Right of way সংরক্ষণের নিমিত্ত নোটিশ বোর্ড, কোম্পানির লোগোর আদলে কালারিং খুঁটি বসানো, ওয়াকওয়ে তৈরি প্রভৃতি পদক্ষেপও গ্রহণ করা যেতে পারে। সভা আরো অবহিত হয় যে, কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমিতে বিদ্যমান অবৈধ স্থাপনা উচ্ছেদের নিমিত্ত ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত আছে।	কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমিতে নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা করতে হবে। কোম্পানির সকল Right of way স্থানীয় জনসাধারণের নিকট সুপরিচিতিকরণের নিমিত্ত নোটিশ বোর্ড, কোম্পানির লোগোর আদলে কালারিং খুঁটি বসানো, ওয়াকওয়ে তৈরি প্রভৃতি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (তিতাস-দঃ)/ (নিরাপত্তা)।

২.২।	সভাকে অবহিত করা হয় যে, বিজিএফসিএল-এর নিরাপত্তা ব্যবস্থায় ১৫৩টি সিসিটিভি রয়েছে। কেপিআই প্রতিষ্ঠান হিসেবে নিরাপত্তা ব্যবস্থায় পর্যাপ্ত পরিমাণ সিসিটিভি সংযোজনের সরকারি নির্দেশনার পরিপ্রেক্ষিতে কোম্পানি কর্তৃক ইতিপূর্বে একটি কমিটি গঠন করা হয় এবং কমিটি সরেজমিন পরিদর্শন করে আরো ৩০৭টি সিসিটিভি সংযোজনের প্রস্তাব করে। তদ্প্রেক্ষিতে, কমিটি কর্তৃক প্রধান কার্যালয় ও তিতাস ফিল্ডের জন্য প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়। বর্তমানে ক্রয় কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এ পর্যায়ে বিভিন্ন ফিল্ডের প্রধানগণ সিসিটিভি-র বিষয়ে নিজ নিজ ফিল্ডের অবস্থা সম্পর্কে সভাকে অবহিত করেন। বাখরাবাদ ফিল্ডের ৩টি লোকেশনে ২০টি সিসিটিভি রয়েছে এবং সেগুলো উপ-মহাব্যবস্থাপক (বাখরাবাদ) এর সাথে ইন্টারনেট মাধ্যমে সংযুক্ত আছে। হবিগঞ্জ ফিল্ডের ৭টি লোকেশনে ২৫টি, নরসিংদী ফিল্ডের ২টি লোকেশনে ২টি এবং মেঘনা ফিল্ডে ১টি সিসিটিভি রয়েছে। ফিল্ডসমূহ কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি সংগ্রহের নিমিত্ত মুলধনী বাজেটে অর্থের সংস্থান রাখা হয়েছে। তবে, ফিল্ডসমূহে ইন্টারনেট সেবার ধীরগতি/ত্রুটির জন্য এ কার্যক্রমে কিছুটা সমস্যা হচ্ছে। আলোচনাকালে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, টেকনোলজির সর্বোচ্চ সুবিধা গ্রহণের নিমিত্ত সকলকে সচেষ্ট হতে হবে। সিসিটিভির মাধ্যমে মনিটরিং ব্যবস্থায় মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপকগণকে ইন্টারনেট মাধ্যমে সম্পৃক্ত করা যায়। তাছাড়া, ইন্টারনেট নেটওয়ার্ক যথাযথ প্রাপ্তির জন্য স্থানীয় ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার থেকে নেয়া কানেকশনের পরিবর্তে হাইওয়ে দিয়ে অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন করেছে যে সকল প্রতিষ্ঠান, তাদের কাছ থেকে ইন্টারনেট সার্ভিস গ্রহণ করা যেতে পারে। সিসিটিভির জন্য IP এবং Night Vision Camera সংগ্রহ করা যেতে পারে।	প্রধান কার্যালয় এবং তিতাস ফিল্ডের জন্য প্রস্তাবিত সিসিটিভিসমূহের ক্রয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের সিসিটিভি সংযোজন কাজ বাজেট অনুমোদন সাপেক্ষে ক্রমান্বয়ে সম্পাদন করতে হবে। সিসিটিভির মাধ্যমে কোম্পানির ফিল্ড/স্থাপনাসমূহের মনিটরিং ব্যবস্থায় মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপকগণকে ইন্টারনেট মাধ্যমে সম্পৃক্ত করতে হবে। ইন্টারনেট নেটওয়ার্ক যথাযথ প্রাপ্তির জন্য স্থানীয় ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের পরিবর্তে হাইওয়ে দিয়ে অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন করা প্রতিষ্ঠান থেকে ইন্টারনেট সার্ভিস গ্রহণের উদ্যোগ নিতে হবে। সিসিটিভির জন্য IP এবং Night Vision Camera সংগ্রহ করতে হবে।	মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ
২.৩।	নরসিংদী ফিল্ড :		
	সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ড সংলগ্ন ঢাকা-সিলেট মহাসড়কের লেন বৃদ্ধিকরণে সড়ক ও জনপদ বিভাগ কর্তৃক উদ্যোগ গ্রহণ করেছে এবং এ জন্য নরসিংদী-এ লোকেশনের সম্মুখভাগের ১০ একর জায়গা অধিগ্রহণ হতে পারে বলে জানা গেছে। এ পরিপ্রেক্ষিতে উক্ত ফিল্ডের প্রবেশ মুখসহ বাউন্ডারি ও অন্যান্য বিষয়ে কোম্পানির একটি পুরকৌশল-পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	ঢাকা-সিলেট মহাসড়কের লেন বৃদ্ধিকরণের জন্য নরসিংদী-এ লোকেশনে সম্মুখভাগের ভূমি অধিগ্রহণ করা হলে ফিল্ডের প্রবেশ মুখসহ বাউন্ডারি ও অন্যান্য বিষয়ে কোম্পানির একটি পুরকৌশল পরিকল্পনা তৈরি, পর্যালোচনা এবং সুপারিশ প্রণয়নের জন্য মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (নরসিংদী)
৩.০।	পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :		
৩.১।	সভাকে অবহিত করা হয় যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের লক্ষ্যে উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরি এবং আর্থিক মূল্যায়নে যথাযথ প্রতিষ্ঠান না পাওয়ায় গত ২২-৩-২০২২ তারিখে পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বাখরাবাদ এবং মেঘনা ফিল্ডে ETP স্থাপনের লক্ষ্যে মুলধনী বাজেটে অর্থের সংস্থান রাখা হয়েছে মর্মে ফিল্ড ইনচার্জগণ সভাকে অবহিত করেন।	তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে দ্রুত সম্পন্নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস)/ (পিডি) এবং উপ-মহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস)/ সকল ফিল্ড ইনচার্জ

৩.২।	প্রসঙ্গক্রমে ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির Environmental Certificate বা Fire Certificate এর বিষয়ে জানতে চাইলে সভা অবহিত হয় যে, কোম্পানির প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে Initial Environment Examination (IEE), Environmental Impact Assessment (EIA), Environmental Management Plan (EMP) সম্পাদনপূর্বক পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ/নবায়ন করা হয়, সকল ফিল্ড/লোকেশনের জন্য নেই। সম্প্রতি মেঘনা ফিল্ড কর্তৃক Environmental Certificate এর জন্য আবেদন করা হয়েছে। অপরদিকে, স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগের অধীনস্থ তিতাস ফিল্ডের ২টি স্টোরের বিপরীতে ২টি Fire Safety Certificate রয়েছে মর্মে সভা অবহিত হয়।	কোম্পানির ফিল্ড/স্থাপনাসমূহের জন্য প্রয়োজ্যতা অনুযায়ী Environmental Certificate এবং Fire Safety Certificate সংগ্রহ করতে হবে।	মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন)/ (প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (ইএস) ও সকল ফিল্ড ইনচার্জ
৩.৩।	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্প সমাপনান্তে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির কাজে ব্যবহারের নিমিত্ত প্রচেষ্টা অব্যাহত আছে। ইতিমধ্যে ৭টি কূপের ওয়ার্কওভার প্রকল্পের left-over মালামাল স্টোরস বিভাগের অধীনে এসেছে। উক্ত মালামালের মধ্যে ব্যবহার উপযোগী মালামালের তালিকা প্রণয়ন করা হয়েছে। প্রকল্পের left-over বিভিন্ন পাইপসমূহ বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। আলোচনাকালে ব্যবস্থাপনা পরিচালক মতামত ব্যক্ত করেন যে, প্রকল্প সমাপ্তকালে সংশ্লিষ্ট প্রকল্পের কনসালটেন্ট কর্তৃক left-over মালামালের তালিকা প্রণয়ন করে জমা প্রদানের বিধান রয়েছে। উক্ত তালিকায় ব্যবহারযোগ্য এবং স্ক্র্যাপ মালামাল সুনির্দিষ্টভাবে চিহ্নিত করার বাধ্যবাধকতা বিদ্যমান। এ পরিপ্রেক্ষিতে, প্রকল্পের কনসালটেন্ট নিয়োগের TOR-এ বিষয়গুলো সংযোজনের পরামর্শ প্রদান করেন।	প্রকল্প সমাপনান্তে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির কাজে ব্যবহারের নিমিত্ত অধিকতর প্রচেষ্টা চালাতে হবে। প্রকল্পের কনসালটেন্ট নিয়োগের TOR-এ প্রকল্প সমাপ্তকালে left-over মালামালের তালিকা প্রণয়ন এবং উক্ত তালিকায় ব্যবহারযোগ্য ও স্ক্র্যাপ মালামাল সুনির্দিষ্টভাবে চিহ্নিত করে জমা প্রদানের বিষয়টি সংযোজন করতে হবে।	মহাব্যবস্থাপক (পিডি) ও সকল মহাব্যবস্থাপক এবং উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও সকল প্রকল্প পরিচালক
৩.৪।	সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ফিল্ডে ডিপ-অয়েল খনন প্রকল্পের ডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। প্রণীতব্য ডিপিপি-তে বাখরাবাদ ফিল্ডের লোকেশন-বি তে স্টোর নির্মাণের বিষয়টি সংযোজন বিবেচনাধীন আছে।	বাখরাবাদ ফিল্ডে ডিপ-অয়েল খনন প্রকল্পের প্রণীতব্য ডিপিপি-তে বাখরাবাদ ফিল্ডের লোকেশন-বি তে স্টোর নির্মাণ/সংস্কারের বিষয়টি সংযোজন করা যেতে পারে।	মহাব্যবস্থাপক (পিডি)
৪.০।	রক্ষণাবেক্ষণ ডিভিশন :		
৪.১।	সভাকে অবহিত করা হয় যে, স্টোরস এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগের স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারের আপগ্রেডেশন সম্পন্ন হয়েছে এবং সফটওয়্যারটির মাধ্যমে স্টক ম্যানেজমেন্ট কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। সভা আরো অবহিত হয় যে, কোম্পানির জন্য সংগৃহীতব্য ওয়েব ক্লাউড-এর মাধ্যমে স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারটির অনলাইন অপারেটিংয়ের ব্যবস্থা করা হচ্ছে। স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারে ফিল্ড ইনচার্জগণ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের অনলাইন অপারেটিং এর ব্যবস্থা রাখা যেতে পারে মর্মে ব্যবস্থাপনা পরিচালক অভিমত ব্যক্ত করেন।	স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে কোম্পানির সকল মালামালের স্টক এন্ড ইনভেন্টরি রেকর্ড কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারে ফিল্ড ইনচার্জগণ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের অনলাইন অপারেটিং এর ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ উপ-মহাব্যবস্থাপক (এসটিআইসি)
৪.২।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানি জন্য ১০০ জিবি পরিমাণের ওয়েব ক্লাউড সংগ্রহ করা হচ্ছে। ওয়েব ক্লাউডে কোম্পানির বিভিন্ন ডিভিশন/বিভাগের ডাটা স্টোরেজসহ ২টি সফটওয়্যার পরিচালনা করা যাবে। উপ-মহাব্যবস্থাপক (হিসাব) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ওয়েব ক্লাউডের মাধ্যমে কোম্পানির হিসাব সফটওয়্যারে বিভিন্ন ফিল্ড/লোকেশন-এর সংশ্লিষ্ট একাউন্ট ডাটা সরাসরি এন্ট্রির সুবিধা সংযোজন করা হলে কোম্পানির হিসাব কার্যক্রম যথাযথভাবে এবং যথাসময়ে সম্পাদনে অধিকতর ফলপ্রসূ ও কার্যকর হবে বলে প্রতীয়মান।	কোম্পানির জন্য ওয়েব ক্লাউড সংগ্রহ কার্যক্রম যথাশীঘ্র সম্পন্ন করতে হবে। ওয়েব ক্লাউড সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করে মহাব্যবস্থাপক (মেইন্টঃ) কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করবেন। ওয়েব ক্লাউডের মাধ্যমে কোম্পানির হিসাব সফটওয়্যারে বিভিন্ন ফিল্ড/লোকেশন কর্তৃক নিজ নিজ একাউন্টস ডাটা যেন সরাসরি এন্ট্রি করতে পারে, তার জন্য প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং কমিটির সদস্যবৃন্দ ও উপ-মহাব্যবস্থাপক (হিসাব)
৫.০।	টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:		

৫.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির বিভিন্ন স্থাপনায় পুরনো/ভাঙ্গা/জংধরা টিন, তার, কাঠ ইত্যাদি ধরণের স্ক্র্যাপ মালামাল রয়েছে যেগুলো একদিকে পরিষ্কার-পরিচ্ছন্নতার পরিপন্থী অপরদিকে প্রয়োজনীয় জায়গা দখল করে আছে। উক্ত মালামালসমূহ অপসারণের ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। আলোচনাক্রমে ব্যবস্থাপনা পরিচালক অভিমত ব্যক্ত করেন যে, কোম্পানির সকল ধরণের অবলোপন/অপসারণ/নিলামে বিক্রয়যোগ্য পণ্যের সারণী বাৎসরিক ভিত্তিতে প্রণয়নের জন্য একটি কেন্দ্রীয় কমিটির বিধান রয়েছে, যে কমিটিতে পেট্রোবাংলার প্রতিনিধিও থাকে এবং উক্ত কেন্দ্রীয় কমিটির প্রণীত সারণির মালামালসমূহই যথারীতি অবলোপন/অপসারণ/নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।	কোম্পানির বিভিন্ন ফিল্ড/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে পুরনো/ভাঙ্গা/জংধরা টিন, তার, কাঠ ইত্যাদি ধরণের স্ক্র্যাপ মালামালসমূহ জরুরি ভিত্তিতে যথাযথ বিধি অনুসরণপূর্বক অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোম্পানির সকল ধরণের অবলোপন/ অপসারণ/ নিলামে বিক্রয়যোগ্য পণ্যের সারণী বাৎসরিক ভিত্তিতে প্রণয়নের জন্য পেট্রোবাংলার প্রতিনিধি সমন্বয়ে একটি কেন্দ্রীয় কমিটি গঠনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং সকল ফিল্ড ইনচার্জ
৫.২।	বৈদেশিক সংগ্রহ বিভাগ :		
	কোম্পানির বৈদেশিক সংগ্রহ কার্যক্রমে বিদ্যমান আন্তর্জাতিক দরপত্র মূল্যায়ন কমিটি (Foreign Procurement Evaluation Committee) পুনর্গঠন করা প্রয়োজন মর্মে উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) সভার দৃষ্টি আকর্ষণ করেন।	কোম্পানির বৈদেশিক সংগ্রহ কার্যক্রমে বিদ্যমান আন্তর্জাতিক দরপত্র মূল্যায়ন কমিটি (Foreign Procurement Evaluation Committee) পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস)/(প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ)
৫.৩।	পুরকৌশল বিভাগ :		
	প্রধান কার্যালয়ের সম্মুখস্থ নির্মাণাধীন রাস্তা প্রশস্তকরণ প্রকল্পের বিষয়ে পুরকৌশল বিভাগ জানায় যে, সড়ক ও জনপদ বিভাগ কর্তৃক উক্ত প্রকল্পের আওতায় নির্মাণাধীন ফ্লাইওভারের উত্তর প্রান্ত কোম্পানির প্রধান কার্যালয়ের প্রবেশমুখ/সম্মুখভাগ সংলগ্ন হতে যাচ্ছে বলে জানা গেছে। ফলে, প্রধান কার্যালয়ের সৌন্দর্যতা ও ভাবমূর্তি রক্ষার্থে পুরকৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং এ লক্ষ্যে ফ্লাইওভারের অবনমন প্রান্ত প্রধান কার্যালয়ের সম্মুখস্ত কোন অংশের সোজাসুজি হয় তা সুনিশ্চিত হওয়া প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়।	প্রধান কার্যালয়ের সম্মুখস্থ নির্মাণাধীন রাস্তা প্রশস্তকরণ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ফ্লাইওভারের উত্তর প্রান্ত (অবনমন প্রান্ত) কোম্পানির প্রধান কার্যালয়ের সম্মুখস্ত কোন অংশের সোজাসুজি হতে যাচ্ছে তা অবগত হওয়ার জন্য প্রকল্প পরিচালকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস) এবং উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)
৬.০।	প্রশাসন ডিভিশন:		
৬.১।	সভাকে অবহিত করা হয় যে, কর্মকর্তা ও কর্মচারীদের সার্ভিস রেকর্ড সফটওয়্যারের মেন্যুবারে সন্নিবেশিতব্য ডাটাবেজ ছক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করা হয়েছে।	কর্মকর্তা ও কর্মচারীদের সার্ভিস রেকর্ড সংগৃহীত সফটওয়্যারের মাধ্যমে সুষ্ঠু ও যথাযথভাবে পরিচালন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)/সংস্থাপন
৬.২।	সভাকে অবহিত করা হয় যে, অফিস সময়সূচী যথাযথভাবে অনুসরণের হার সন্তোষজনক। এ বিষয়ে সকল ডিভিশনাল ও বিভাগীয় প্রধানগণ তৎপর ও সচেষ্ট আছেন।	অফিস সময়সূচী যথাযথভাবে অনুসরণের বিষয়ে ডিভিশনাল এবং বিভাগীয় প্রধানগণকে তৎপর ও সচেষ্ট থাকতে হবে।	সকল মহাব্যবস্থাপক
৬.৩।	কোম্পানির বর্তমান কর্মপরিধি এবং অপারেশনাল কার্যক্রমের প্রেক্ষাপট বিবেচনায় বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণিতে পরিবর্তন/পরিবর্ধন/ সংযোজনের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হচ্ছে মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। বিস্তারিত আলোচনাক্রমে পেট্রোবাংলার সর্বশেষ অনুমোদিত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে বিজিএফসিএল-এর আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/ Endorsement করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।	কোম্পানির বর্তমান কর্মপরিধি এবং অপারেশনাল কার্যক্রমের প্রেক্ষাপট বিবেচনায় পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে বিজিএফসিএল-এর আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/Endorsement এর বিষয়ে পর্যালোচনা ও সুপারিশ প্রণয়নের জন্য মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে।	সকল মহাব্যবস্থাপক
৬.৪।	উপ-মহাব্যবস্থাপক (ইএস) কম্পিউটার স্বল্পতার জন্য দাপ্তরিক কাজের সমস্যার বিষয়টির প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করেন। আলোচনাক্রমে সভা অবহিত হয় যে, ২০১৩ সালে সর্বশেষ অনুমোদিত কোম্পানির TOE তে বিভিন্ন বিভাগ/শাখায় ১/২টি কম্পিউটার বিদ্যমান। কিন্তু বর্তমানে, সরকারের পেপারবিহীন অফিস পরিচালনের নির্দেশনা, ই-নথির ব্যবহার, জুম মিটিং মাধ্যমে বিভিন্ন সভা ও প্রশিক্ষণে অংশগ্রহণ প্রভৃতি ডিজিটাল কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তার জন্য কম্পিউটার আবশ্যক।	সরকারের পেপারবিহীন অফিস পরিচালনের নির্দেশনা, ই-নথির ব্যবহার, জুম মিটিং মাধ্যমে বিভিন্ন সভা ও প্রশিক্ষণে অংশগ্রহণ প্রভৃতি বিষয়ের প্রেক্ষাপটে অতীব জরুরি কম্পিউটারের পরিমাণ নির্ধারণ এবং এ বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
৬.৫।	নিরাপত্তা বিভাগ :		

	উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা) সভাকে অবহিত করেন যে, কোম্পানির নিরাপত্তা প্রহরীর সংখ্যা অত্যন্ত অপ্রতুল হয়ে পরেছে। নিরাপত্তা প্রহরী পদে সর্বশেষ ১৯৯৪ সালে নিয়োগ হওয়ায় দীর্ঘ সময়কালের অবসর ও মৃত্যুজনিত কারণে বর্তমানে পালাক্রমিক ডিউটি পরিচালনের জন্য প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা প্রহরীর অভাব রয়েছে। অপরদিকে কোম্পানির চাহিদাকৃত আনসার সদস্য নিয়োজিতকরণেও ব্রাহ্মণবাড়িয়া জেলা আনসার অ্যাডজুটেন্ট অপারগতা প্রকাশ করছেন। এমতাবস্থায়, কোম্পানির সার্বিক নিরাপত্তার স্বার্থে এ বিষয়ে কর্তৃপক্ষের সদয় দিক নির্দেশনা প্রত্যাশা করা হয়।	কোম্পানির সার্বিক নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োজিত করতে হবে এবং এ লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলা আনসার অ্যাডজুটেন্ট-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। কোম্পানির নিয়োগ প্রক্রিয়া তরান্বিত করার পাশাপাশি আউটসোর্সিংয়ের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য বিষয়টি মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করা যেতে পারে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)
৬.৬।	মেডিক্যাল বিভাগ :		
	সভায় চিকিৎসা ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণের বিষয়ে আলোচনা হয়। কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং পাশাপাশি বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণের বিষয়ে সকল কর্মকর্তা ও কর্মচারীর সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়।	কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার, কোম্পানির সকল মেডিক্যাল অফিসার এবং সংশ্লিষ্ট কমিটি
৬.৭।	মানবসম্পদ বিভাগ:		
	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির লোকবল সংকটের বর্তমান অবস্থা বিবেচনা করে নিয়োগ কার্যক্রম তরান্বিত করা প্রয়োজন।	কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুসরণপূর্বক কর্মকর্তা-কর্মচারী নিয়োগ কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে এবং দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপ-মহাব্যবস্থাপক (এইচআর)
৭.০।	আর্থিক ও হিসাব কার্যক্রম :		
৭.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে সকলের সচেষ্ট থাকা প্রয়োজন।	সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে অধিকতর সচেষ্ট হতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ
৮.০।	কোম্পানি সচিবালয় :		
৮.১।	সভাকে অবহিত করেন যে, ই-নথির আপগ্রেড ভার্সন ডিজিটাল নথির (ডি-নথি) উপর কোম্পানির কর্মকর্তাদের অংশগ্রহণে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সরকারের ডি-নথি বাস্তবায়ন কমিটি কর্তৃক সহসাই বিজিএফসিএল-এর জন্য ডি-নথি চালু করা হবে বলে আশা করা যাচ্ছে।	ই-নথির আপগ্রেডেড ভার্সন ডিজিটাল নথি বা ডি-নথির উপর প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। বিজিএফসিএল-এ ডি-নথি দ্রুত চালুকরণের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ প্রকল্প পরিচালক
৯.০।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:		
৯.১।	সভাকে অবহিত করা হয় যে, APA এর আওতাধীন কৌশলগত বিষয়সমূহ যথা: জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (E-Gov. & Innovation), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter), তথ্য অধিকার (RTI) প্রভৃতির বাস্তবায়ন সংক্রান্ত সরকারের যাচিত তথ্য/উপাত্ত/প্রতিবেদন যথাসময়ে ও যথাযথভাবে উপস্থাপন করা হচ্ছে।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সভার শেষ পর্যায়ে সভাপতি ধৈর্য ধরে উপস্থিত ও অংশগ্রহণের জন্য উপস্থিত সকল কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভায় উপস্থাপিত বিষয়াবলীর প্রতি আন্তরিক কর্মপ্রচেষ্টা প্রত্যাশা করেন। ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির সার্বিক পরিচালনা কর্মকান্ড সফলভাবে বাস্তবায়নের প্রধানতম অংশ হিসেবে উল্লেখ করে উপ-মহাব্যবস্থাপকগণকে অধিকতর দায়িত্বশীল হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে ব্যবস্থাপনা পরিচালক সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১ চৈত্র, ১৪২৮
১৫ মার্চ, ২০২২

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২২.৫৫ তারিখ: ১০ চৈত্র ১৪২৮

২৪ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।

২) উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক (সকল), বিজিএফসিএল।

৩) ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৪) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৫) উপ-ব্যবস্থাপক, সিলিমপুর প্লান্ট, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৬) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ হাবীবুর রহমান

কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক